
দৈনিক সংবাদ

৬/৭/২০০১

# স্বল্প খরচে বিদেশের খ্যাতনামা বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ

ক্যাম্পাস প্রতিবেদক



আয়োজন

বাংলাদেশে উচ্চ শিক্ষার সুযোগের অভাবে এবং উচ্চ শিক্ষার ক্ষেত্রে বহু প্রতিবন্ধকতার কারণে প্রতিবছর প্রায় ৩০ হাজার ছাত্রছাত্রী দেশের বাইরে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তি হচ্ছে। একটা বড় অংশের ছাত্রছাত্রীর ভাল বিষয়ে বিদেশে পড়াশোনার ইচ্ছা থাকলেও প্রয়োজনীয় তথ্য, সঠিক নির্দেশনা, ভিসা সমস্যা এবং বেশি খরচের জন্য বিদেশে পড়াশোনার স্বপ্নকে বাস্তবায়িত করতে পারে না। এছাড়া বিদেশে ছাত্র ভর্তির ক্ষেত্রে সহায়তার নামে ভুল তথ্য দিয়ে প্রতারণা করার খবর পত্রপত্রিকায় প্রকাশিত হয়েছে। এসব প্রতিবন্ধকতাকে দূর করে বিদেশে পড়াশোনার স্বপ্নকে বাস্তবায়ন করতে Foreign Study Fair (FSF) নামের একটি প্রতিষ্ঠান আত্মপ্রকাশ করেছে, যেটি বিদেশে অবস্থানরত বাংলাদেশী মেধাবী এবং প্রতিষ্ঠিত ব্যক্তিদের দ্বারা পরিচালিত।

সম্প্রতি FSF ফিলিপাইনের Far Eastern University (FEU) এবং University of the East (UE) এর সাথে ভর্তি পরীক্ষা এবং ছাত্রছাত্রীদের তথ্য সরবরাহের জন্য Memorandum of Understanding (MOU) সই করেছে। এই দুইটি বিশ্ববিদ্যালয় মেডিক্যাল, ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্সসহ অন্য সকল বিষয়ে ভর্তি হওয়ার জন্য বাংলাদেশী ছাত্রছাত্রীদের ভর্তি পরীক্ষার উদ্যোগ গ্রহণ করেছে। বাংলাদেশে এ ধরনের উদ্যোগ এই প্রথম। এর ফলে TOEFL বা SAT ছাড়াই ভর্তি পরীক্ষার মাধ্যমে সরাসরি উল্লেখিত বিশ্ববিদ্যালয়গুলোতে ভর্তি হওয়া সম্ভব হবে। *ভর্তি পরীক্ষার সময়ে এই বিশ্ববিদ্যালয় দুটি থেকে তিন পর্যায়ের প্রতিনিধিগণ উপস্থিত থাকবেন।*

ফিলিপাইনের Far Eastern University (FEU) এবং University of the East (UE) সেদেশের উল্লেখযোগ্য দুটি খ্যাতনামা বিশ্ববিদ্যালয়। Far Eastern University ফিলিপাইনের পুরনো বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে অন্যতম। ১৯২৮ সালে এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। FEU এর প্রধান ক্যাম্পাসটি রাজধানী ম্যানিলা শহরের University Belt এর মধ্যবর্তী অঞ্চলে অবস্থিত। যোগাযোগ ব্যবস্থা খুবই উন্নত। প্রায় ৪ হেক্টর জমিতে বৃক্ষরাজিশোভিত সবুজ ক্যাম্পাসে পড়াশোনার উপযুক্ত পরিবেশ বিরাজ করে সব সময়। এ বিশ্ববিদ্যালয়ে পড়াশোনার সুযোগ খুব সম্প্রসারিত। FEU এর রয়েছে প্রশস্ত শ্রেণীকক্ষ, অত্যাধুনিক বৃহদাকার লাইব্রেরি, গবেষণাগার, অডিটোরিয়াম, অডিও ভিজ্যুয়াল সেন্টার, ক্লিনিক ও হাসপাতাল, ক্যাফেটেরিয়া, আধুনিক জিমনেশিয়াম এবং আবাসন ব্যবস্থা।

এর পাশাপাশি রয়েছে মানসম্পন্ন Faculty বা শিক্ষক-শিক্ষিকাবৃন্দ। শিক্ষাদান পদ্ধতি আধুনিক অডিও ভিজ্যুয়াল এবং প্রযুক্তি নির্ভর। FEU থেকে গ্রাজুয়েশন সম্পন্নকারীগণ দেশের শিল্প, ব্যাংকিং, প্রযুক্তি, শিক্ষা, মিডিয়াসহ অন্যান্য গুরুত্বপূর্ণ অবস্থানে রয়েছেন এবং বর্হিবিশ্বেও অনেকে সুপ্রতিষ্ঠিত।

Far Eastern University এর মত University of the East (UE)-এরও রয়েছে প্রচুর সুনাম। UE ও মেট্রো ম্যানিলার প্রাণকেন্দ্রে সুবিশাল ক্যাম্পাস নিয়ে অবস্থিত। এখানে রয়েছে সুখ্যাতিসম্পন্ন শিক্ষকবৃন্দ দ্বারা উন্নত পরিবেশে শিক্ষাদান পদ্ধতি। ছাত্রছাত্রীদের জন্য রয়েছে ইন্টারনেট, ই-মেইল, মাল্টিমিডিয়া রুম, আধুনিক গবেষণাগার, কম্পিউটার ল্যাব, অত্যাধুনিক কম্পিউটারাইজড় লাইব্রেরি, অডিও ভিজ্যুয়াল সার্ভিস, থিয়েটার, কনফারেন্স, ব্রিফিং রুম, মাল্টিমিডিয়া প্রেজেন্টেশন রুম, জিমনেশিয়াম প্রভৃতি। এছাড়া রয়েছে স্বাস্থ্য সেবা, Guidance & Counseling service, পোস্টাল ও টেলিফোন সার্ভিসসহ অন্য সকল সুবিধা।

Far Eastern University ও University of the East এ নিম্নলিখিত বিষয়সমূহে গ্রাজুয়েশন করা যায়।

BBA, Computer Science, Nutrition and Dietetics, Communication Arts, Economics, English, Political Science, Sociology, Legal Management, International Studies, General Science.

Mass Communication and Journalism, Theater Arts, Speech and Drama, Biological Science, Chemistry, Chemical Technology, Accounting, Banking and Finance, Financial Accounting, Managemant, Marketing, Nursing, Education, Architecture With CADD, Fine Arts (BFA) Major in Advertising, Law.

ইউরোপ এবং পশ্চিমা দেশগুলোর তুলনায় ফিলিপিন্সে পড়াশোনা এবং অন্যান্য খরচ অনেক কম। মেধাবী ছাত্রছাত্রীদের জন্য প্রতিবছর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিভিন্ন ধরনের বৃত্তি প্রদান করে থাকে। বলাবাহুল্য ফিলিপাইনের বিশ্ববিদ্যালয়গুলোতে লেখাপড়ার মাধ্যম ইংরেজি এবং আমেরিকান স্ট্যান্ডার্ড। এখান থেকে তাই খুব সহজেই পশ্চিমা দেশগুলোর বিশ্ববিদ্যালয়ে Credit Transfer করা সম্ভব। এছাড়া ফিলিপিন্স একটি ক্যাথলিক সংখ্যাগরিষ্ঠ দেশ হওয়ায়, এখান থেকে পশ্চিমা দেশগুলোতে (কানাডা, আমেরিকা) যাওয়ার জন্য ভিসা পাওয়া অপেক্ষাকৃত সহজ।

Far Eastern University এবং University of the East এর পড়াশোনার খরচ

বিশ্ববিদ্যালয়ের টিউশন ফি ঃ প্রতি সেমিষ্টার ৩০০ ডলার (৬ মাস) থাকা খাওয়ার খরচ প্রতি মাসে প্রায় ১০০ ডলার, অন্যান্য প্রয়োজনীয় খরচ ঃ সার্ভিস চার্জ Foreign Study Fair ঃ ২০,০০০ টাকা, বিমান ভাড়া ঃ ২২,০০০ টাকা (প্রায়), ভিসা ফি ঃ ফিলিপিন্স দূতাবাসে প্রদান করতে হবে।

ভর্তি পরীক্ষা সম্পর্কিত তথ্য ঃ একজন ছাত্রছাত্রী এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় ১টি প্রথম বিভাগ এবং একটি দ্বিতীয় বিভাগ থাকলে ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারে। এ বছর (২০০১) এইচএসসি পরীক্ষা দিয়েছে এমন ছাত্রছাত্রীরাও ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। আবেদন করার শেষ তারিখ ঃ ৭ই জুলাই, ২০০১, ভর্তি পরীক্ষা ঃ ২৭শে জুলাই, ২০০১, স্থান ঃ নটরডেম কলেজ, মতিঝিল, ঢাকা, সময় ঃ সকাল ৯-০০।

এছাড়া ফিলিপাইনের অন্যতম সেরা বিশ্ববিদ্যালয়, Asia Week পত্রিকার জরিপে শীর্ষ স্থানীয় University of the Philippines এ ভর্তির ক্ষেত্রেও FSF সার্বিক সহযোগিতা করে থাকে। তবে এক্ষেত্রে TOEFL-এ কমপক্ষে ৫০০ স্কোর থাকতে হবে। শুধুমাত্র ঢাকা অফিস এ বিষয়ক পরামর্শ দিয়ে থাকে। জাপানের খ্যাতনামা বিশ্ববিদ্যালয়ে পোস্ট-গ্রাজুয়েট পর্যায়ে ভর্তিতেও FSF সার্বিক সহযোগিতা করছে।

Foreign Study Fair (FSF) এর সাথে যোগাযোগের ঠিকানা হলো— ৮২, গ্রিন রোড, ফার্মগেট, ঢাকা-১২০৫

উল্লেখ্য, দেশের বিভিন্ন স্থানে আঞ্চলিক প্রতিনিধিদের মাধ্যমেও Foreign Study Fair (FSF) ছাত্রছাত্রীদের কাছে তথ্য সরবরাহ করছে।